# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের পূর্বে উল্লেখিত হাদীসগুলোর বিপরীত

## ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ عَالَمًا مِنَ النَّاسِ أَنَّهُ يُضادُّ الْأَخْبَارَ الَّتِي ذَكَرْنَاهَا قَبْلُ

আরবী

2386 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قَالَ: أَقْبَلْتُ رَاكِبًا عَلَى أَتَانٍ - وَأَنَا يَوْمَئِذٍ قَدْ نَاهَزْتُ الِاحْتِلَامَ - وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِالنَّاسِ بِمِنًى فَمَرَرْتُ بَيْنَ يَدَيْ بَعْضِ الصَّفِّ فَنَزَلْتُ فَأَرْسَلْتُ الْأَتَانَ تَرْتَعُ وَدَخَلْتُ فِي الصَّفِّ فلم ينكر ذلك علي أحد.

الراوي : ابْنِ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2148 | خلاصة حكم المحدث: . صحيح - ((صحيح أبي داود)) (709).

বাংলা

২৩৮৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একটি গাধীর উপর আরোহন করে আসি, সেসময় আমি প্রায় যৌবনে পৌঁছেছি, আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে মিনায় সালাত আদায় করছিলেন। অতঃপর এক কাতারের মাঝখান দিয়ে অতিক্রম করে গাধী থেকে নামি এবং গাধীটাকে ঘাস চড়ে খাওয়ার জন্য ছেড়ে দেই। তারপর আমি কাতারে প্রবেশ করি। কিন্তু কেউ আমার এই কাজের প্রতিবাদ করেননি।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৪৮; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৫৫-১৫৬; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৬৮; মুসনাদ

আহমাদ: ১/৩৪২; সহীহ আল বুখারী: ৭৬; সহীহ মুসলিম: ৫০৪; আবূ দাউদ: ৭১৫; আবূ আওয়ানা: ২/৫৫; সুনান বাইহাকী: ২/২৭৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৩৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৭৮; হুমাইদী: ৪৭৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩৫৯; তিরমিযী: ৩৩৭; নাসাঈ: ২/৬৪; ইবনু মাজাহ: ৯৪৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭০৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন